amfori
Trade with purpose

# সরবরাহকারী বাস্তবায়ন নির্দেশিকা

2026

**amfori Speak for Change**

# ১. ভূমিকা

### আপনার সাইটে amfori Speak for Change চালু করতে সহায়তা করার জন্য আপনাকে ধন্যবাদ।

এই নির্দেশিকাটি আপনার কর্মক্ষেত্রে amfori Speak for Change চালু করার আগে, চলাকালীন এবং পরে কী কী করা প্রয়োজন তা ব্যাখ্যা করে। এটি সংশ্লিষ্ট সকলের (ম্যানেজমেন্ট, সুপারভাইজর এবং কর্মীদের) জন্য তৈরি করা হয়েছে, যাতে প্রক্রিয়াটি বাস্তবসম্মত এবং ধারাবাহিকভাবে বাস্তবায়িত হয় এবং ব্যবহারকারীরা কীভাবে উদ্বেগ জানাতে হবে ও প্রক্রিয়াটি কীভাবে কাজ করে তা বুঝতে পারেন।

এই নির্দেশিকাটি সাপ্লায়ার ডিপ্লয়মেন্ট কনফার্মেশন ফর্ম দ্বারা সমর্থিত, যা আপনাকে ডিপ্লয়মেন্ট শেষ করার পরে পূরণ করতে হবে।

# ২. ডিপ্লয়মেন্টে আপনার ভূমিকা

সাইট ম্যানেজমেন্ট হিসেবে, কর্মীরা যাতে amfori Speak for Change সম্পর্কে স্পষ্ট, বাস্তবসম্মত ও সহজবোধ্য উপায়ে অবগত হয়, তা নিশ্চিত করার দায়িত্ব আপনার।

এর অর্থ হলো, আপনার কাছ থেকে নিম্নলিখিত কাজগুলো প্রত্যাশিতঃ

- ঘোষণার আগে প্রয়োজনীয় amfori cademy ট্রেনিং সম্পন্ন করা
- কর্মীদের প্রশিক্ষণের পরিকল্পনা ও বাস্তবায়ন করা
- পোস্টার প্রদর্শন করা এবং লিফলেট বিতরণ করা
- কর্মীদের ব্যাখ্যা করা যে তারা কীভাবে উদ্বেগ জানাতে পারে
- ব্যাখ্যা করা যে amfori Speak for Change একটি বেনামী অভিযোগ প্রক্রিয়া
- এই প্রতিশ্রুতি দেওয়া যে এটি ব্যবহারের জন্য কর্মীদের প্রতিশোধমূলক আচরণের সম্মুখীন হতে হবে না
- প্রতিশোধমূলক আচরণ সংক্রান্ত উদ্বেগের জন্য একজন সাইট কন্টাক্ট নির্ধারণ করা
- ডিপ্লয়মেন্টের প্রমাণ সংরক্ষণ করা
- ঘোষণার পর সাপ্লায়ার ডিপ্লয়মেন্ট কনফার্মেশন ফর্ম পূরণ করা

# ৩. ঘোষণার পূর্বে

### প্রশিক্ষণ সম্পন্ন করুন

কর্মীদের নিকট amfori Speak for Change ঘোষণা করার আগে নির্ধারিত amfori Academy প্রশিক্ষণ মডিউলটি সম্পন্ন করুন।https://amfori-academy.amfori.org/course/view.php?id=442

## ঘোষণার পরিকল্পনা করুন

আপনার সাইটে কীভাবে প্রশিক্ষণের আয়োজন করা হবে, তা অভ্যন্তরীণভাবে নির্ধারণ করুন।

আপনি এটি নিম্নলিখিতভাবে আয়োজন করতে পারেন:

- পুরো সাইটের একটি সাধারণ সভার মাধ্যমে
- বিভাগ অনুযায়ী
- শিফট অনুযায়ী
- ভাষাভিত্তিক দলে (যদি প্রাসঙ্গিক হয়)

যে মিটিং ফরম্যাটটি সবচেয়ে কার্যকরভাবে সর্বাধিক সংখ্যক কর্মীদের কাছে পৌঁছাতে সক্ষম করবে, সেটি বেছে নিন।

## কর্মীদের চ্যানেল ব্যবহারের জন্য প্রস্তুত করুন

নিশ্চিত করুন যে কর্মীরা প্রশিক্ষণের সময় বা পরে মোবাইল ফোন ব্যবহার করতে পারে। তাদেরকে উৎসাহিত করুন যেন তারা তাৎক্ষণিকভাবে যোগাযোগের তথ্য সংরক্ষণ বা ব্যবহার করে।

যদি কাজের সময় ফোন ব্যবহার করার অনুমতি না থাকে, তাহলে বিরতির সময় বা অন্য কোনো উপযুক্ত সময়ে ব্যবহারের সুযোগ নিশ্চিত করুন।

## উপকরণ প্রস্তুত করুন

সাইটের বিভিন্ন দৃশ্যমান স্থানে প্রদর্শনের জন্য পর্যাপ্ত পোস্টার প্রিন্ট করুন এবং প্রতিটি কর্মীর জন্য পর্যাপ্ত লিফলেট নিশ্চিত করুন।

পোস্টার প্রদর্শন ও উপকরণ বিতরণের জন্য নিম্নলিখিত স্থানগুলো বেছে নিনঃ

- বিরতি কক্ষ (Break rooms)
- ক্যান্টিন
- প্রধান প্রবেশদ্বার
- বাথরুম
- অন্যান্য দৃশ্যমান স্থান, যেমন সিঁড়ি

ঘোষণার পরেও পোস্টারগুলো দৃশ্যমান থাকতে হবে এবং ক্ষতিগ্রস্ত হলে তা পুনরায় প্রতিস্থাপন বা পুনর্মুদ্রণ করতে হবে।

## ডিপ্লয়মেন্ট নিশ্চিতকরণের জন্য প্রস্তুত থাকুন

ডিপ্লয়মেন্টের পরে, আপনাকে সাপ্লায়ার ডিপ্লয়মেন্ট কনফার্মেশন ফর্ম পূরণ করতে বলা হবে। ঘোষণার আগে, নিশ্চিত করুন যে আপনি নিম্নলিখিত তথ্য দিতে পারবেন:

- সাইটের বিবরণ

- ডিপ্লয়মেন্টের তারিখ
- প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের সঠিক সংখ্যা
- ঘোষণার সময় ব্যবহৃত ভাষাসমূহ
- সাইট পর্যায়ে উদ্বেগ সংক্রান্ত বিষয়ের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম ও ইমেইল ঠিকানা
- সাইটে প্রদর্শিত পোস্টারের অন্তত একটি ছবি

# ৪. প্রশিক্ষণ চলাকালীন

যত বেশি সম্ভব কর্মীকে একত্রিত করুন। প্রয়োজন হলে একাধিক ছোট ছোট সেশন আয়োজন করুন।

ব্যাখ্যা সহজ রাখুন এবং কর্মীদের বোঝার জন্য প্রয়োজনীয় মূল বিষয়গুলোর উপর গুরুত্ব দিন।

# কর্মীদের কী ব্যাখ্যা করবেন

amfori Speak for Change পরিচয় করানোর সময় এটি গুরুত্বপূর্ণ যে কর্মী এবং অন্যান্য ব্যবহারকারীরা নিচের বিষয়গুলো স্পষ্টভাবে বুঝতে পারে:

## 1.1. amfori Speak for Change কী

amfori Speak for Change একটি অভিযোগ জানানোর (grievance) চ্যানেল, যা কর্মী এবং অন্যান্য প্রভাবিত ব্যক্তিদের নিরাপদভাবে কাজের পরিবেশ ও শ্রম অধিকার সম্পর্কিত উদ্বেগ বা অভিযোগ উত্থাপন করার সুযোগ দেয়। এটি এমনভাবে তৈরি করা হয়েছে যাতে সংলাপ, ফলো-আপ , এবং প্রয়োজনে সমস্যার সমাধান নিশ্চিত করা যায়, বিশেষ করে যখন স্থানীয়ভাবে সমস্যার সমাধান সম্ভব হয় না।

## 1.2. কারা তথ্য গ্রহণ করে

- অভিযোগগুলো amfori Speak for Change টিম দ্বারা গ্রহণ করা হয়
- প্রয়োজন হলে, amfori সংশ্লিষ্ট ক্রেতা কোম্পানিগুলোকে (যারা কারখানা থেকে পণ্য ক্রয় করে) অবহিত করতে পারে, যাতে তারা ফলো-আপ ও সমস্যার সমাধানে সহায়তা করতে পারে
- শুধুমাত্র প্রয়োজনীয় তথ্যই শেয়ার করা হয় এবং ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখা হয়

## 1.3. তথ্যের সাথে কীভাবে আচরণ করা হয়

- অভিযোগগুলো গোপনীয়তার সাথে নিষ্পত্তি করা হয়।
- লোকেরা তাদের নাম না দিয়েও উদ্বেগ জানাতে পারে।
- প্রতিটি অভিযোগ পর্যালোচনা করা হয়, যার মধ্যে প্রতিশোধমূলক আচরণের ঝুঁকিও অন্তর্ভুক্ত।

## 1.4. প্রতিশোধ থেকে সুরক্ষা

- amfori Speak for Change এমনভাবে তৈরি করা হয়েছে যাতে যারা অভিযোগ উত্থাপন করে তাদের সুরক্ষা নিশ্চিত করা যায়।
- কারখানা প্রতিশ্রুতি দেয় যে, এই ব্যবস্থাটি ব্যবহার করার জন্য কোনো কর্মীকে শাস্তি দেওয়া হবে না, অন্যায় আচরণের শিকার হতে হবে না বা কোনো নেতিবাচক পরিণতির সম্মুখীন হতে হবে না

- যদি কোনো ঝুঁকি চিহ্নিত হয়, তাহলে ব্যক্তির নিরাপত্তা নিশ্চিত করতে গোপনীয়ভাবে অভিযোগ পরিচালনা করা বা সীমিত তথ্য শেয়ারের মতো পদক্ষেপ নেওয়া হতে পারে
- প্রতিশোধ গ্রহণযোগ্য নয় এবং এমন কিছু শনাক্ত হলে তা যথাযথভাবে মোকাবিলা করা হবে

### 1.5. প্রক্রিয়া থেকে কী আশা করা যায়

- কোনো অভিযোগ উত্থাপন করা মানেই স্বয়ংক্রিয়ভাবে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে এমন নয়
- এই প্রক্রিয়ার মূল লক্ষ্য হলো সমস্যাটি বোঝা এবং বাস্তবসম্মত সমাধান নিশ্চিত করা
- সম্ভব হলে অভিযোগকারীদের তাদের মামলার অগ্রগতি সম্পর্কে অবহিত রাখা হয়

### 1.6. amfori Speak for Change কী নয়

- এটি কোনো শাস্তিমূলক ব্যবস্থা বা আইনি প্রক্রিয়া নয়
- এটি স্থানীয় অভিযোগ ব্যবস্থার বিকল্প নয়; বরং যখন সাইট পর্যায়ে সমস্যা সমাধান সম্ভব হয় না, তখন এটি সেই ব্যবস্থাকে সম্পূরক হিসেবে কাজ করে

## ৫. কর্মীরা কীভাবে অভিযোগ উত্থাপন করতে পারে

কর্মীরা ২টি উপায়ে অভিযোগ উত্থাপন করতে পারে:




#### ফোন

কর্মীরা পোস্টার বা লিফলেটে দেওয়া নম্বরে কল করতে পারে।

দয়া করে মনে রাখবেন:

- কিছু দেশে টোল-ফ্রি নম্বর নেই
- এমন ক্ষেত্রে স্থানীয় কল চার্জ প্রযোজ্য হতে পারে

#### ওয়েবফর্ম

কর্মীরা নিচের যেকোনো একটি উপায় ব্যবহার করতে পারে:

- পোস্টার বা লিফলেটে থাকা QR কোড স্ক্যান করে, অথবা
- সরাসরি এই লিংকে গিয়ে: [amfori.whispli.com/lp/speakforchange](amfori.whispli.com/lp/speakforchange)

> **গুরুত্বপূর্ণ:** অভিযোগ জমা দেওয়ার সময় কর্মীদের অবশ্যই তাদের নিয়োগকর্তা প্রতিষ্ঠানের অফিসিয়াল নাম উল্লেখ করতে হবে।

# ৬. কর্মী প্রশিক্ষণের পর

কর্মী প্রশিক্ষণের পর আপনাকে যা করতে হবেঃ

- কর্মীদের মধ্যে লিফলেট বিতরণ করুন যাতে তারা যোগাযোগের তথ্য সংরক্ষণ করতে পারে
- কর্মীদের প্রশ্নের উত্তর দিন
- তাদের মতামত মনোযোগ দিয়ে শুনুন
- অতিরিক্ত লিফলেট এমন স্থানে রাখুন যেখানে কর্মীরা পরে সহজে নিতে পারে
- নিশ্চিত করুন যে পোস্টারগুলো সাইটে দৃশ্যমান অবস্থায় থাকে

আপনার ডিপ্লয়মেন্টের প্রমাণও রাখা উচিত, বিশেষ করে:

- সাইটে পোস্টার প্রদর্শিত হওয়ার একটি ছবি
- আর কোনো অতিরিক্ত সহায়ক প্রমাণ যা আপনি সংরক্ষণ করতে চান, যেমন প্রশিক্ষণে উপস্থিতির রেকর্ড, অভ্যন্তরীণ যোগাযোগ, বা কর্মীদের ব্রিফিংয়ের ছবি

# ডিপ্লয়মেন্টের পরে

যদি আপনার সাইট সম্পর্কিত কোনো অভিযোগ Speak for Change এর মাধ্যমে এগিয়ে নেওয়া হয়, তাহলে সংশ্লিষ্ট amfori সদস্য ব্র্যান্ডগুলো কারখানা ব্যবস্থাপনার সাথে যোগাযোগ করতে পারে।

আপনার সহযোগিতা গুরুত্বপূর্ণ। আপনাকে বিষয়টি স্পষ্ট করতে সহায়তা করা, বিষয়টি নিয়ে আলোচনা করা এবং প্রয়োজনীয় সংশোধনমূলক পদক্ষেপে অবদান রাখতে বলা হতে পারে।

এই প্রক্রিয়াটি উদ্বেগের বিষয়গুলো চিহ্নিত করতে, যথাযথ অনুসরণ নিশ্চিত করতে এবং কার্যকর সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণে উৎসাহিত করার উদ্দেশ্যে পরিচালিত হয়।

amfori
Trade with purpose

# ৮. চূড়ান্ত ধাপ: সাপ্লায়ার ডিপ্লয়মেন্ট কনফার্মেশন ফর্ম পূরণ করুন

কর্মীদেরে প্রশিক্ষণ সম্পন্ন হওয়ার এবং ডেপ্লিয়মেন্টেরে সকল ধাপ শেষে হওয়ার পরে, আপনাকে অবশ্যই সাপ্লায়ার ডেপ্লিয়মেন্টে কনফার্মেশেন ফর্মটি পূরণ করতে হবে।

**প্রতিটি সাইটের জন্য একটি করে ফর্ম পূরণ করুন।**

ফর্মটি পাওয়া যাবে: [Supplier Deployment Confirmation Form]

অথবা amfori Speak for Change ল্যান্ডিং পেজের মাধ্যমে: https://amfori.whispli.com/lp/speakforchange **Supplier Deployment Confirmation Form** বাটনের অধীনে

ফর্মটিতে আপনাকে অন্যান্য বিষয়ের পাশাপাশি নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করতে বলা হবে:

- ঘোষণা দেওয়ার আগে প্রয়োজনীয় প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে
- শ্রমিকদের জন্য ঘোষণা প্রদান করা হয়েছে
- পোস্টার প্রদর্শন করা হয়েছে এবং লিফলেট বিতরণ করা হয়েছে
- শ্রমিকদের কীভাবে অভিযোগ বা উদ্বেগ উত্থাপন করতে হয় তা জানানো হয়েছে
- শ্রমিকদের জানানো হয়েছে যে Speak for Change ব্যবহার করার কারণে তাদের কোনো প্রতিশোধের সম্মুখীন হতে হবে না
- সাইট পর্যায়ে প্রতিশোধ সংক্রান্ত কন্ট্যাক্ট ব্যক্তির নাম
- এবং সহায়ক প্রমাণ আপলোড করতে হবে, যার মধ্যে সাইটে প্রদর্শিত পোস্টারের একটি ছবিও অন্তর্ভুক্ত থাকবে

এই ফর্মটি ডেপ্লিয়মেন্টে পর্যবেক্ষণের একটি গুরুত্বপূর্ণ অংশ এবং এটি নিশ্চিত করতে সহায়তা করে যে আপনার সাইটে Speak for Change কার্যক্রমটি বাস্তবায়ন করা হয়েছে।

# ৯. সহায়তা প্রয়োজন?

যদি আপনার কোনো প্রশ্ন থাকে বা সহায়তার প্রয়োজন হয়, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

**speakforchange@amfori.org**

amfori

Trade with purpose

**amfori**
Avenue de Tervueren 270
1150 Brussels, Belgium
**T** +32 (0)2 741 64 76
**E** info@amfori.org

**amfori.org**